MAR. 1 8 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ৬

# শিক্ষক-কর্মচারীর বর্ধিত বেতন প্রদানে জটিলতার প্রতিবাদ

গত শুক্রবার মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের এক সভায় প্রতিশ্রুতি মোতাবেক ২০০১ সালের জানুয়ারীর বেতনের সহিত ২০০০ সালের জুলাই হইতে শিক্ষক-কর্মচারীদের বর্ধিত ১০ শতাংশ বকেয়াসহ (১৩শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষক-কর্মচারীর

(৩য় পৃঃ পর)

প্রদান না করিয়া ২০০০-২০০১ অর্থবছরে ৬ মাসের অংশ প্রদানের জটিলতার তীব্র প্রতিবাদ জানান হয়। জোটের প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন জোটের সমন্বয়কারী সেলিম ভুঁইয়া, অধ্যক্ষ মাজহারুল হান্নান, অধ্যক্ষ মোঃ মোহাম্মদ ইসহাক, অধ্যক্ষ আবদুর রশীদ প্রমুখ। সভায় বলা হয়, বেতনের বর্ধিত অংশ ১৯৯৭ সাল হইতে পাওয়ার কথা থাকিলেও উহা হইতে শিক্ষক-কর্মচারীদের বঞ্চিত করা হইয়াছে। সভায় শিক্ষক-কর্মচারীদের অবিলম্বে বেতনের বর্ধিত অংশ প্রদান, অবসর ভাতা অধ্যাদেশ '৯৬ বাস্তবায়ন, কল্যাণট্রাস্টের কার্যক্রম চালু, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের প্রস্তাবিত চাকুরীবিধি কার্যকরসহ ৬ দফা বাস্তবায়নের দাবী জানান হয়। – প্রেস বিজ্ঞপ্তি